গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোলাপগঞ্জ, সিলেট।
www.golapganj.sylhet.gov.bd

## সিলেট জেলার গোলাপগঞ্জ উপজেলার ১৪২৮ বাংলা হতে ১৪৩০ বাংলা সনের ইজারাযোগ্য ২০(বিশ) একর পর্যন্ত ইজারাযোগ্য জলমহালের ইজারা বিজ্ঞপ্তি

০১। আবেদন ফরম প্রাপ্তির স্থান ঃ ক) জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গোলাপগঞ্জ, সিলেট।
গ) সহকারী কমিশনার(ভূমি), এর কার্যালয়,গোলাপগঞ্জ,সিলেট।

### ১৪২৮ বাংলা হতে ১৪৩০ বাংলা সনের জন্য ইজারাযোগ্য জলমহালের তালিকা

| ক্রমিক নং | জলমহালের নাম | ইউনিয়নের নাম | তফসিল | গড় ইজারামূল্যের ৫% বৃদ্ধিতে নির্ধারিত ইজারামূল্য | সিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | অনিল বিল | লক্ষণাবন্দ | মৌজা- ফুলসাইন্দ, জেএল নং-৬৮, খতিয়ান নং-০১, দাগ-৫১৭২, পরিমান ৭.০৬ একর। | ১৮৫২২/- | ৫০০/- | যেখানে যে অবস্থায় আছে তা পূর্বাহ্নে দেখে আবেদন দাখিল করতে হবে |
| ২. | কুইয়া বিল | পশ্চিম আমুড়া | মৌজা- আমুড়া, , জেএল- ২৫, খতিয়ান নং-০১, দাগ-১০০৮, পরিমান ০.৯০ একর। | ৫৩০০/- | ৫০০/- | |
| ৩. | বিয়ামারা বিল | পশ্চিম আমুড়া | মৌজা- শীলঘাট, জেএল নং-৫৭, খতিয়ান নং-০১, দাগ-২৯০৩, পরিমান ১৪.৫০ একর। | ১৪৮৩১.২৫/- | ৫০০/- | |
| ৪. | খরুয়া বিল | শরীফগঞ্জ | মৌজা- বসন্তপুর, জেএল নং-৮১, খতিয়ান নং-০১, দাগ-৯৩৩, পরিমান ১৪.৭৫ একর। | ৮৫৫৭.৫/- | ৫০০/- | |
| ৫. | গুজি বিল | ভাদেশ্বর | মৌজা- ছিলিমপুর, জেএল নং-৮৫, খতিয়ান নং-০১, দাগ-২২৪৬, পরিমান ১৯.১৯ একর। | ৮২০৫৭.৫/- | ৫০০/- | |
| ৬. | ডাকাতির খাল | লক্ষণাবন্দ | মৌজা- ফুলসাইন্দ, জেএল নং-৬৮, খতিয়ান নং-০১, দাগ-৩২৪, পরিমান ১.০০ একর। | ১৫০৬৭.৫/- | ৫০০/- | |
| ৭. | চাপড়া বিল | লক্ষণাবন্দ | মৌজা- করগাঁও, জেএল নং-৭৬, খতিয়ান নং-০১, দাগ-২৩৮২, ২৩৭৪, ২৩৭৫, ২৯০৫, ২৩৮৪, ২৯০৩, পরিমান সর্বমোট ৯.০৫ একর। | ৮৫১০২.৫/- | ৫০০/- | |

### দরপত্র ক্রয়, দাখিল ও খোলার সময়

| ক্রমিক নং | পর্যায় | দরপত্র ক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১. | ১ম | ০১/০৩/২০২১ খ্রি.<br>১৬ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ<br>অফিস চলাকালীন সময় | ০২/০৩/২০২১ খ্রি.<br>১৭ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ<br>বেলা ২.০০ টা পর্যন্ত | ০২/০৩/২০২১ খ্রি.<br>১৭ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ<br>বেলা ২.৩০ টায় | - |
| ০২. | ২য় | ১৫/০৩/২০২১ খ্রি.<br>০১ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ<br>অফিস চলাকালীন সময় | ১৬/০৩/২০২১ খ্রি.<br>০২ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ<br>বেলা ২.০০ টা পর্যন্ত | ১৬/০৩/২০২১ খ্রি.<br>০২ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ<br>বেলা ২.৩০ টায় | ১ম পর্যায়ে ইজারাকৃত জলমহালের ক্ষেত্রে প্রযোজ্য নয়। |
| ০৩. | ৩য় | ৩০/০৩/২০২১ খ্রি.<br>১৬ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ<br>অফিস চলাকালীন সময় | ৩১/০৩/২০২১ খ্রি.<br>১৭ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ<br>বেলা ২.০০ টা পর্যন্ত | ৩১/০৩/২০২১ খ্রি.<br>১৭ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ<br>বেলা ২.৩০ টায় | ১ম ও ২য় পর্যায়ে ইজারাকৃত হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য নয়। |

## জলমহাল ইজারার শর্তাবলী

১. আবেদনকারী উদ্ধৃত দরের ২০% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, গোলাপগঞ্জ, সিলেট এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে অর্ডার এর মাধ্যমে দরপত্রের সাথে জমা প্রদান করতে হবে। উক্ত জামানতের অর্থ শেষ বৎসরের ইজারামূল্যের সাথে সমন্বয় সাধন করা হবে।

২. জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি যা সমবায় বা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত সে সমিতি নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবেন। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবেন না।

৩. উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক আবেদন গৃহীত হলে পরবর্তী ০৭(সাত) দিনের মধ্যে ১ম বৎসরের সাকুল্য ইজারামূল্য সরকারের " জলমহাল ও পুকুর ইজারা " ১/৪৬৩১/০০০০/১২৬১ নং কোডে চালানের মাধ্যমে জমা প্রদান করতে হবে। অন্যথায় জামানতের অর্থ বাজেয়াপ্ত পূর্বক পুনরায় আবেদন আহবান করা হবে।

৪. ইজারাদারকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে উপজেলা নির্বাহী অফিসারের সাথে চুক্তি সম্পাদন করে জলমহালের দখল বুঝে নিতে হবে। বৎসরের যে সময়েই দখল হস্তান্তর করা হোক না কেন তা ১৪২৮ বাংলা সনের ০১ লা বৈশাখ হতে কার্যকর হবে।

৫. আবেদন দাখিলের সময় আবেদনের সাথে সমিতির রেজিষ্ট্রেশন নম্বর ও তারিখ, সমিতির গঠনতন্ত্র, নির্বাচিত সভাপতি ও সাধারন সম্পাদকের নাম, ঠিকানা (ছবিসহ), সমিতির কার্যাবিবরণী, সমিতির সদস্যগণের নামের তালিকা জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠ ব্যবস্থাপনার রূপরেখা, ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট, অডিট রিপোর্ট, টিআইএন নাম্বার সংযুক্ত করে সভাপতি/সাধারণ সম্পাদকের নামে আবেদন দাখিল করতে হবে।

৬. কোন ক্রমেই ০২(দুই)টির অধিক জলমহাল কোন মৎস্যজীবী সমবায় সমিতি/জেলে যুব মৎস্যজীবী সমবায় সমিতিকে ইজারা দেয়া হবে না।

৭. জলাশয়টি যেখানে যে অবস্থায় আছে সে অবস্থাতেই ইজারা প্রদান করা হবে। আবেদনকারীকে আবেদন দাখিলের পূর্বে সরেজমিন পরিদর্শনপূর্বক মহালের প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে আবেদন দাখিল করতে হবে। ইজারা প্রাপ্তির পর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৮. বর্তমান নীতিমালা অনুসারে প্রত্যেক বছরের ইজারামূল্যের সাথে ১৫% ভ্যাট ও ৫% আয়কর পরিশোধ করতে হবে।

৯. প্রতি বৎসরের ইজারা মূল্য তৎপূর্ববর্তী বৎসর শেষ হওয়ার অর্থ্যাৎ ১৫ চৈত্রের পূর্বেই পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ইজারামূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিল বলে গণ্য হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১০. ইজারা প্রদত্ত জলাশয় কোন অবস্থাতেই সাবলীজ দেয়া যাবে না। কোন জলাশয় বা তার কোন অংশ সাব লীজ দেয়া হলে বা ইজারার শর্ত ভঙ্গ করলে ইজারা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

১১. কোন সমিতির পূর্ববর্তী যে কোন জলাশয়ের যেমন সনের ইজারামূল্য বা সংশ্লিষ্ট অন্যান্য পাওনা (ভ্যাট, আয়কর ইত্যাদি) অপরিশোধিত থাকলে সে সমিতি আবেদন দাখিল করতে পারবেন না।

১২. আবেদন দাখিলকারী সমিতিকে নবায়নকৃত নিবন্ধনের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

১৩. আবেদনকারী সমিতিকে প্রকৃত মৎস্যজীবী ব্যতিত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন এমন সমিতি আবেদনের যোগ্য হবে না। জলমহাল ইজারা প্রাপ্তির পর ইজারাকালীন সময়ে সমিতি/কমিটির মধ্যে যদি কোন অমৎস্যজীবী সদস্যদের অবস্থান প্রমাণিত হয় তাহলে সমিতির অনুকূলে প্রদত্ত লীজ বাতিল করা হবে।

১৪. জলমহাল ইজারা সংক্রান্ত বিষয়ে সময়ে সময়ে জারীকৃত সকল প্রকার বিধি বিধান ইজারাদার যথাযথভাবে মেনে চলতে বাধ্য থাকবেন।

১৫. ইজারা মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারার মেয়াদ শেষে কোন জলমহালের উপর ইজারা গ্রহীতার কোন প্রকার দাবী/অধিকার/স্বত্ব/স্বার্থ থাকবে না এবং উক্ত জলমহালের সকল অধিকার স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে সরকারের নিকট ন্যস্ত হবে।

১৬. যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের বিষয়ে কমিটির সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে এবং ইজারা কার্যক্রমের যে কোন পর্যায়ে ইজারা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন। তাছাড়া কর্তৃপক্ষ বাস্তবতার আলোকে যেকোন জলমহালের তফশীল পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন।

উল্লেখ্য যে, জলাশয় সমূহ ইজারা গ্রহণে আগ্রহী কোন সমিতি পাওয়া না গেলে ইজারা বিহীন জলমহাল সমূহ ইজারা না হওয়া পর্যন্ত ইজারা বিজ্ঞপ্তি ইজারা প্রদানের জন্য বলবৎ থাকবে।

১৪.০২.২০২১

(মোঃ গোলাম কবির)
উপজেলা নির্বাহী অফিসার
গোলাপগঞ্জ, সিলেট।
☎ ০৮২২৭-৫৬০৩১
E-mail: unogolapganj@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৯১৩৮.০০০.০৩.০০১.২১ - ৭৮৪(৭০)

তারিখঃ ০১ ফাল্গুন ১৪২৭ / ১৪ ফেব্রুয়ারি ২০২১

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-

০১। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০২। জেলা প্রশাসক, সিলেট।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), সিলেট।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।

অনুলিপি ঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১। জেলা মৎস্য কর্মকর্তা, সিলেট। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হ'ল।
০২। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট। তাঁকে বিজ্ঞপ্তিটি বাংলাদেশ বেতার, সিলেট এর স্থানীয় সংবাদ ও বিশেষ ব্যুলেটিনের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।
০৩-০৫। জেলা তথ্য কর্মকর্তা/জেলা সমবায় কর্মকর্তা/জেলা মৎস্য কর্মকর্তা, সিলেট। নোটিশ বোর্ডের মাধ্যমে বিজ্ঞপ্তিটি প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।
০৬-০৯। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ/স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর/গণপূর্ত বিভাগ/পানি উন্নয়ন বোর্ড, সিলেট। উক্ত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।
১০-১৩। উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/পরিবার পরিকল্পনা বিভাগ/যুব উন্নয়ন অধিদপ্তর/সমাজসেবা অধিদপ্তর, সিলেট। উক্ত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।
১৪-২৪। উপজেলা নির্বাহী অফিসার, ------------------------------ (সকল), সিলেট। উক্ত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।
২৫। সহকারী কমিশনার(ভূমি),গোলাপগঞ্জ, সিলেট। উক্ত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল। জলাশয় সমূহ ইজারা না হওয়া পর্যন্ত ইজারা বিহীন জলাশয় হতে খাস আদায় প্রক্রিয়া অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হ'ল।
২৬। সহকারী কমিশনার, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট। উক্ত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।
২৭। সহকারী প্রোগ্রামার, গোলাপগঞ্জ, সিলেট (ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
২৮-৫২। ----------------------------------------------------(সকল), গোলাপগঞ্জ, সিলেট। উক্ত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল। এ ছাড়া উপজেলা জলমহাল ইজারা কমিটির সম্মানিত সদস্য হিসেবে দরপত্র খোলার তারিখ ও সময়ে ইজারা কমিটির সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হ'ল।
৫৩-৬৩। চেয়ারম্যান, ---------------------------------------- ইউপি (সকল), গোলাপগঞ্জ,সিলেট। উক্ত বিজ্ঞপ্তিটি মাইকের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৬৪। সভাপতি/সম্পাদক, ---------------------------------মৎস্যজীবী/জেলে যুব মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, গোলাপগঞ্জ, সিলেট।
৬৫। জনাব ------------------------------------------------
---------------------------------------------------------।

14.02.2021

উপজেলা নির্বাহী অফিসার
গোলাপগঞ্জ, সিলেট।
☎ ০৮২২৭-৫৬০৩১